ভয়েস্ অব বাংলাদেশ রেডিও কর্তৃক প্রদত্ত 'শাপলা এয়োর্ড ২০০৮' অনুষ্ঠান সম্পন্ন

গত হে অক্টোবর ০৯ ব্লাকটাউনের ইম্পেরিয়্যাল ক্লাব হলে ভয়েস্ অব বাংলাদেশ রেডিও কর্তৃক প্রদত্ত 'শাপলা এয়োর্ড ২০০৮' অনুষ্ঠানের আয়োজন করা হয়। প্রতি দু'বছর অন্তর অন্তর অস্ট্রেলিয়াস্ত বাংলাদেশী কমিউনিটির মাঝে বিশেষ অবদানের স্বীকৃতস্বরূপ শ্রোতাদের দ্বারা স্বর্বোচ্চ সংখ্যক নমিনেশানের ভিত্তিতে এই শাপলা এয়োর্ড প্রদান করা হয়।

গত বছরের জুলাই থেকে অক্টোবর পর্যন্ত মোট তিনটি ক্যারাগরীতে নমিনেশান চলে। তবে 'শ্রেষ্ঠ ব্যাক্তিত্ব' ক্যারাগরীতে স্বর্বাচ্চ সংখ্যক নমিনেটেড ছয় জনকে এই এয়োর্ড সিরমোনিতে আমন্ত্রন জানানো হয় এবং এদের মাঝে উক্ত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিদের গোপন ব্যলটে 'সেরা ব্যাক্তিত্ব'কে নির্বাচন করা হয়। অত্যন্ত উৎসবমূখর পরিবেশে আমন্ত্রিত অতিথিরা ভোট প্রদান করেন এবং ভোট শেষে কৌতুহল সহকারে ফলাফলের জন্য অপেক্ষা করেন। নির্বাচনে বাংলাদেশ ওয়েল্ফেয়ার সোসাইটির সাধারন সম্পাদক জনাব ইকবাল ফারুখ 'সেরা ব্যাক্তিত্ব' ক্যারাগরীতে জয়লাভ করেন। এদিকে শ্রেষ্ঠ শ্রোতা (পুরুষ) ক্যারাগরীতে মো: বজলে আরিফ চৌধুরী এবং শ্রেষ্ঠ শ্রোতা (মহিলা) ক্যারাগরীতে মিসেস্ আলেয়া হক 'শাপলা এয়োর্ড ২০০৮' গ্রহন করেন। তাছাড়া শ্রেষ্ঠ শ্রোতা ক্যারাগরীতে স্বর্বকনিষ্ঠ প্রতিযোগী হিসেবে নয় বছরের মিস্ নাবিলা বানুকে এয়োর্ড প্রদান করা হয়। উক্ত এয়োর্ড সিরমোনিটি পরিচালনা করেন ভয়েস্ অব বাংলাদেশ রেডিও প্রযোজক ড নার্গিস আক্তার বানু। আর অনুষ্ঠান সহযোগিতায় ছিলেন মিস্ শামীম ইসলাম, মিস্ ফারজানা রিতা, হারুন অর রশীদ, লিয়াকত আলী স্বপন প্রমুখ। মধ্যাহ্নভোজের মধ্য দিয়ে অনুষ্ঠানটির পরিসমাপ্তি ঘটে।



ছবি: 'সেরা ব্যাক্তিত্ব' ক্যারাগরীতে স্বর্বোচ্চ সংখ্যক নমিনেশান প্রাপ্ত বেরিস্টার সিরাজুল হক, জনাব আল নোমান শামীম, ডা আবদুল ওহাব, জনাব প্রত্যয় খান, জনাব ফারুখ ইকবাল, জনাব প্রবীর মৈত্র এর সাথে অন্যান্যরা